


8/8/2021



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৮১

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮

০১ আগস্ট ২০২১

বিষয়: শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণের নিজ নিজ কোভিড-১৯ করোনা ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত।

করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে নিজ নিজ ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণে নিম্নরূপ দায়িত্ব পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী এবং ১৮ বছরের উর্ধ্বের সকল শিক্ষার্থীগণকে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান উদ্বুদ্ধ ও নিশ্চিত করবেন;
- (খ) এ বিভাগের আওতাধীন বিভাগ/ জেলা/ উপজেলা পর্যায়ের দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীসহ আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধ করবেন;
- (গ) সম্মানিত শিক্ষকগণ অনলাইন/ ভারুয়াল ক্লাসে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের সদস্যদেরকে কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণসহ কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণের বিষয়ে উদ্বুদ্ধ করবেন;
- (ঘ) এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা প্রদান করবেন।

৪/৮/২১

১-৮-২০২১

মোঃ নজরুল ইসলাম

উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল:

sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা (তঁার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (তঁার আওতাধীন সকল দপ্তর/ শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (তঁার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৮১/১(১০)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮